

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০১.২০২৫-৪৮৫

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২
০৫ মার্চ ২০২৬

বিষয়: “প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫” এর পরীক্ষার্থীর তথ্য (ডিআর) IPEMIS সফটওয়্যারে এন্ট্রি, যাচাই এবং অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তাঁর উপজেলা/থানাধীন বেসরকারি বিদ্যালয় হতে “প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৫” এর পরীক্ষার্থীর তথ্য (ডিআর) IPEMIS সফটওয়্যারে এন্ট্রিকরণ (পরীক্ষার্থীর ছবি ও স্বাক্ষর আপলোডসহ), যাচাইকরণ এবং অনুমোদনের কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি মোতাবেক সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো:

ক্রম	বিষয়/কার্যক্রম	সময়সীমা	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১	বিদ্যালয় হতে অনলাইনে IPEMIS-সিস্টেমে পরীক্ষার্থীর তথ্য (ডিআর) এন্ট্রি (পরীক্ষার্থীর ছবি ও স্বাক্ষর আপলোডসহ) সম্পন্নকরণ এবং সঠিকতা যাচাইপূর্বক এইউপিইও/এটিপিইও এর আইডিতে প্রেরণ।	০৮-১০ মার্চ ২০২৬	সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষক
২	এন্ট্রিকৃত পরীক্ষার্থীর তথ্য (ডিআর) যাচাইকরণ, প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনের জন্য বিদ্যালয়ের আইডিতে ফেরত প্রদান এবং বিদ্যালয় কর্তৃক পরিমার্জনকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক অনুমোদনের জন্য ইউপিইও/টিপিইও গণের আইডিতে প্রেরণ।	০৮-১০ মার্চ ২০২৬	এইউপিইও/এটিপিইও
৩	এইউপিইও/এটিপিইও কর্তৃক প্রেরিত পরীক্ষার্থীর তথ্য (ডিআর) সঠিকতা যাচাইপূর্বক অনুমোদন এবং প্রযোজ্য ক্ষেত্রে সংশোধনের জন্য বিদ্যালয়ের আইডিতে ফেরত প্রদান ও বিদ্যালয় কর্তৃক পরিমার্জনকৃত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক অনুমোদন।	০৮-১১ মার্চ ২০২৬	ইউপিইও/টিপিইও

০২। পরীক্ষার্থীর তথ্য (ডিআর) এন্ট্রি, যাচাই এবং অনুমোদন সংক্রান্ত নির্দেশিকাটি IPEMIS সফটওয়্যার থেকে ডাউনলোড করে প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। এমতাবস্থায়, IPEMIS সফটওয়্যারে সংশ্লিষ্ট বিদ্যালয়ের পরীক্ষার্থীদের তথ্য (ডিআর) এন্ট্রি (পরীক্ষার্থীর ছবি ও স্বাক্ষর আপলোডসহ), যাচাই এবং অনুমোদন কার্যক্রম উল্লিখিত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
উপজেলা/থানা.....
জেলা:

স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.৩৩.০০১.২০২৫-

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২
০৫ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১. পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
২. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (আগামী ০৮/০৩/২০২৬ তারিখের পূর্বে IPEMIS সফটওয়্যারে পরীক্ষার্থীর তথ্য (ডিআর) এন্ট্রির অপশন উন্মুক্তকরণের অনুরোধসহ)
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপপরিচালক (প্রাথমিক শিক্ষা), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ময়মনসিংহ/রংপুর/সিলেট/বরিশাল বিভাগ।
৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল),জেলা।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপিও) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬ (অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপিও) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অফিস কপি।


০৫.০৩.২০২৬
উপপরিচালক (সংস্থাপন)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর